

## 💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৬৪

১/ বিবিধ

আরবী

ما للنفساء عندي شفاء مثل الرطب، ولا للمريض مثل العسل موضوع

أخرجه أبو نعيم في "الطب" عن أبي هريرة مرفوعا، ذكره السيوطي شاهدا للحديث الذي قبله، ولم يسق إسناده لينظر فيه، ولا هو تكلم عليه ليعرف حاله من لم يقف عليه، وأحسن أحواله أن يكون ضعيفا إن لم يكن موضوعا ثم تحقق الظن فيه، فقد رأيته أخرجه (2 / 24 / 1) في "الطب" عن علي بن عروة عن الزهري عن سعيد بن المسيب عن أبي هريرة مرفوعا قلت: وعلي بن عروة كذاب يضع الحديث، وقد مضى له حديث موضوع برقم (119) وتبع ابن عراق السيوطي في السكوت عن الحديث في "تنزيه الشريعة " (1 / 209) ولكنه قال: قلت: وأخرج وكيع في "الغرر "هذا من حديث عائشة لكنه من طريق أصرم بن حوشب، يعني: وهو كذاب

## বাংলা

২৬৪। নেফাসধারী নারীদের জন্য আমার নিকট কাঁচা খেজুরের ন্যায় রোগ মুক্তকারী কিছু নেই এবং কোন রোগীর জন্য মধুর ন্যায় আরোগ্যদানকারী কিছু নেই।

হাদীসটি জাল।

এটি ইবনু নু'য়াইম "আত-তিব্ব" গ্রন্থে আবু হুরাইয়াহ্ (রাঃ) হতে বর্ণনা করেছেন। সুয়ূতী এটিকে পূর্বের



হাদীসটির শাহেদ হিসাবে উল্লেখ করেছেন। অথচ তার কোন সনদ উল্লেখ করেননি যাতে করে তাতে দৃষ্টি দেয়া যায়। আবু নু'য়াইম তার "আত-তিব্ব" গ্রন্থে (২/২৪/১) আলী ইবনু উরওয়া হতে ... বর্ণনা করেছেন, যা আমার দৃষ্টি গোচর হয়েছে।

আমি (আলবানী) বলছিঃ আলী ইবনু উরওয়া মিথ্যুক। তিনি হাদীস জাল করতেন। তার সম্পর্কে ১১৯ নং হাদীসে বিস্তারিত আলোচনা করা হয়েছে। ইবনু আররাক "তানযীহুশ শারী'য়াহ" গ্রন্থে (১/২০৯) ইমাম সুয়ূতীর অনুসরণ করে হাদীসটি সম্পর্কে কিছু না বলে চুপ থেকেছেন। তবে তিনি বলেনঃ হাদীসটি ওয়াকী "আল-গারার" গ্রন্থে আয়েশা (রাঃ)-এর হাদীস হতে বর্ণনা করেছেন। কিন্তু তার সূত্রে আসরাম ইবনু হাওশাব নামক এক বর্ণনাকারী আছেন, তিনি মিথ্যুক।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন